এই পুথির নাম

মারফত নামা

দরবেশ পরিচয়।

এই পুথির বিচে জান মমিনান।
বার গোরো ফকিরের বিবরণ।

নাকিছ, মোহাম্মদ ছায়াদ উরফে
আছাদ উল্লা
প্রণীত ও প্রকাশিত।
সাং রায়ধর, পরগণে তরফ, জিঃ শ্রীহট্ট।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা,
১৫৯ নং করেয়া রোড্;
রেয়াজুল ইস্‌লাম প্রেসে,
মোহাম্মদ রেয়াজুদ্দীন আহ্‌মদ কর্ত্তৃক মুদ্রিত।

সন ১৩২৩ সাল।

মূল্য ।০ চারি আনা মাত্র।

এই পুথির নাম

মারফত নামা

দরবেশ পরিচয়।

এই পুথির বিচে জান মমিনান।
বার গোরো ফকিরের বিবরণ।

নাকিছ, মোহাম্মদ ছায়াদ উরফে
আছাদ উল্লা
প্রণীত ও প্রকাশিত।
সাং রায়ধর, পরগণে তরফ, জিঃ শ্রীহট্ট।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা,
১৫৯ নং করেয়া রোড্;
রেয়াজুল ইস্‌লাম প্রেসে,
মোহাম্মদ রেয়াজুদ্দীন আহ্‌মদ কর্ত্তৃক মুদ্রিত।

—o—

সন ১৩২৩ সাল।

মূল্য।০ চারি আনা মাত্র।

এই পুথির নাম

মারফত নামা

দরবেশ পরিচয়।

এই পুথির বিচে জান মমিনান।
বার গোরো ফকিরের বিবরণ।

নাকিছ, মোহাম্মদ ছায়াদ উরফে
আছাদ উল্লা
প্রণীত ও প্রকাশিত।
সাং রায়ধর, পরগণে তরফ, জিঃ শ্রীহট্ট।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা,
১৫৯ নং করেয়া রোড্;
রেয়াজুল ইস্‌লাম প্রেসে,
মোহাম্মদ রেয়াজুদ্দীন আহ্‌মদ কর্ত্তৃক মুদ্রিত।

সন ১৩২৩ সাল।

মূল্য ।০ চারি আনা মাত্র।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ *

পুথি মারফত নামা।

করিম রহিম আল্লা যাঁর নাম॥ তাঁর নামে কলম হাতে লইলাম ※ তাঁর ছেফত আমি কি বলিব ভাই॥ ফিরিস্তা ইনছান জিন পারে নাই ※ হাজার দরুদ রছুলের উপর॥ নাম যাঁর মোহাম্মদ পয়গাম্বর ※ নবুয়ত যিনির উপর হইল শেষ॥ জন্মস্থান ছিল তাঁর আরব দেশ ※ আল আছহাব যত ছিলেন রছুলের॥ দরুদ ও ছালাম পঁহুছে অধীনের ※ কোরাণ আসিল রছুলের উপর॥ হুকুম মানিতে সবে ছরাছর ※ আল্লার কোরাণ যারা মানিল॥ মুমিন কামিল তাঁরা হইল ※ কোরাণের খিলাফ যারা করিল॥ কাফির মুশ-রিক তারা বনিল ※ রছুলের শরিয়ত যে না মানিবে॥ বেশক খোদার দুশমন হইবে ※ যে হইবে শরিয়তের তাবেদার॥ মারফত মঞ্জিল হাছিল হবে তাঁর ※ রছুলের শরিয়ত যারা ছাড়িবে॥ কখন মারফতে নাহি পোঁছিবে ※ মারফত শরিয়ত জান দুই সয়॥ তন আর জান যেছা বুঝা যায় ※ তন ছাড়া জান নাহি

থাকিবে ॥ জান বিনে তন নাহি রহিবে ❋ দুই যদি এক হ'ল ভাই জান ॥ তবে কেন হর লোক পেরেশান ❋ কেহ শরিয়ত ছাড়ে মারফতের দায় ॥ কেহ মারফতের দিগে নাহি চায় ❋ কেহ শরিয়ত ছাড়ি গুমরাহ্ হইল ॥ শয়তানের পন্থে গিয়া মরিল ❋ এই সব হাল, কেবল বুরা বাত ॥ হাজার আফ্ছুছ মোর হয় তাত ❋ অতএব হই-লাম আমি পেরেশান ॥ কিতাব তালাশ করি দিল ও জান ❋ তছুফের কিতাব কত পড়িলাম ॥ মুর্শিদের খেদমত বহুত করিলাম ❋ কত বৎসর গেল মোর তাহাতে ॥ মারফতের ফকির ভাই চিনিতে ❋ ফকিরের হাল কিছু বুঝিলাম ॥ বার গোরো ফকির আছে পাইলাম ❋ এক গোরো ঠিক কেবল তাহাতে ॥ বাকী সব ঝুট জান তাহাতে ❋ সক-লের নাম পাছে লিখিব ॥ ঝুটা সবের হাল ভাই বলিব ❋ ইমাম গাজ্জালি লেখেন কিতাবে ॥ কিয়ামতের তিন নিশান জানিবে ❋ বেশরা দরবেশ হবে যে কালে ॥ কিয়ামত হবে জান সে কালে ❋ দলিল মতে আলেম নাহি চলিবে ॥ কোরাণ ও হাদিছ কেবল পড়িবে ❋ আমির ছর-দার যত দুনিয়ার ॥ জাহেল হইবে তারা একে-বার ❋ এই তিন গোরো যবে হইবে ॥ মুসলমানী আর নাহি রহিবে ❋ সেই অক্ত এবে বুঝি

ছরদার যত আছিল॥ বেশরার কাছে মুরিদ হইল ✳ বেদাতি আলেম যত দুনিয়ার॥ ঝুটা দরবেশের তারা হয় ইয়ার ✳ মুসলমানী গেল এবে হায় ২॥ কিয়ামত আসিল কাছে বুঝা যায় ✳ শায়েরের কাবিল আমি নহি ভাই॥ মাতৃ ভাষায় কিছু মাত্র লিখি যাই ✳ কেহ তাতে নাহি দেও দুসনাম॥ সবের কাছে ছালাম আরজ করিলাম ✳ আমি যাব, কথা রবে দুনিয়ায়॥ খাতা মোর সবে মাফ করিবায় ✳ নাকিচ আছদ নাম অধমের॥ রায়ধর বসত বাস অধীনের ✳ তরফ পরগণায় জিলা ছিলটের॥ হবিগঞ্জের কাছে ঘর অধমের ✳ তেরশত তেইশ বাঙ্গালায়॥ পুনরায় পুথি এই লেখা যায় ✳ মক্তছর করিলাম খরচ অভাবে॥ প্রথমে আছিল দরাজ জানিবে ✳

ত্রিপদী।

আল্লা ২ বল ভাই, আল্লা বিনে কেহ নাই, খালিক মালিক সবের আর॥ রছুলের তরিকা বিনে, আশা নাহি রাখ মনে, কিয়ামতে খালাছ পাইবার ✳ মুসলমান কত ভাই, শরার হুকুম মানে নাই, তবে কেন মুসলমান বলে॥ বেদিনের মত তার, দেখা যায় কারবার, শরার খিলাফ তারা চলে ✳ মারফত পাইল বলে, শরিয়ত মত নাহি

ফত এক, দেশেতে আসিল ঠিক, তাতে কেবল শয়তানের কাম * যুবতী আওরত যত, ফকির হইল কত, স্বামী ছাড়ি পীরের সঙ্গে যায় ॥ নূতন মারফতের দায়, বুড়ী বেটী করে হায়, নেও মোরে মারফতের রায় * যুবতী সবে বলে বুড়ী, নাহি যাও পীরের বাড়ী, সময় তোমার গেছে চলি ॥ এখনের মারফতে জান, জুয়ান যেই তারে আন, তবে সেই হইবেক অলি * জাহিল বেটা বেটী যত, ফকির হইল কত, এক স্থানে রহে যে মুদাম ॥ কত কাম করে তাত, কত হয়ে হারাম জাত, নূতন মারফতে এই কাম * এ কথা শুনিয়া ভাই, জানে আর সয় নাই, অতএব করি সাবধান ॥ এছা যাহা দেখিবায়, কাছে তার না যাইবায়, জান তারে খোদার দুশ্‌মন * ঝুটা যত ফকির আছে, সুস্পষ্ট লিখিব পাছে, আল্লা তালার মেহের যদি হয় ॥ এ পুথি পড়িয়া ভাই, বুঝিয়া লইবে তাই, দর-বেশের পাবে পরিচয় * নতুবা শয়তান রিন্দা, কত মতে করে ধান্দা, শয়তান পীর আছে ঠাঁই ঠাঁই ॥ ইমান লুটিবার দায়, শয়তান পীর হইয়া যায়, সবে তারে চিনিবারে চাই * গোমরাহ্‌ আলিম যত, দরবেশ হইল কত, করে কেবল বিদাতের কাজ ॥ রোজগার করিবার দায়, মুরিদ করে গাঁয় ২, কিছু তারা নাহি করে লাজ * জাহিল আওয়ামগণে মুরিদ করে ...

যারে তারা পায় ॥ পীর না কি চোর হয়, কিছু নাই তার পরিচয়, মুরিদ হয়ে মারফতের দায় ✻ অধম ফকিরে ভাবে, মুসলমানী গেল এবে, বিদাতী দর-বেশের দায় ॥ আল্লা পাক পরওয়ারে, মেহের যদি করে মোরে, দুনিয়াতে ইমান বাঁচায় ✻

বার গোরো ফকিরের বয়ান।

পয়ার। এবে লেখি শুন যত নেক জাত ॥ মারফতের ফকির হইলা কত জাত ✻ নাজম উদ্দীন ইমাম এক আছিলেন ॥ নছফ মুল্লুকে যিনি রহিতেন ✻ তছওফের কেতাব এক লেখিল ॥ মারফতের বয়ান তাতে করিল ✻ বার তরিকার বাত বলে তাত ॥ সব তরিকার লেখে হকি-কত ✻ বার গোরর নাম এবে লেখা যায় ॥ সকল মুমিনে ইয়াদ রাখিবায় ✻ হকিকিয়া গোরো জান পহেলা ॥ আওলেইয়া গোরো দুছরা হইলা ✻ সমোখিয়া নাম জান ছুয়মে ॥ হালিয়ার গোরো বলে চারমে ✻ পঞ্চমেতে আবাজিয়া গোরো নাম ॥ ষষ্ঠমেতে হলোলিয়া বলিলাম ✻ হুরিয়ার গোরো হইল সপ্তমে ॥ অয়াকিফিয়া নাম বলে অষ্টমে ✻ নবমেতে মুতা জাহিলিয়ার নাম ॥ দশ-মেতে মুতা কাছিলিয়ার নাম ✻ গিয়ারইতে

বলা যায় ✽ নাকিছ আছদে বলে পরওয়ার ॥ তুমি মোর দেও নিশান সবাকার ✽

প্রথম গোরোর বয়ান।

পয়ার। বিছমিল্লা বলিয়া কলম লইয়া ॥ রছু-লের উপর দরুদ ভেজিয়া ✽ হকিকিয়ার হাল কিছু লেখা যায় ॥ কি ছুরতে আছে তারা দুনিয়ায় ✽ তারা বলে শরার কাজ নাহি মোর ॥ হকিকতে পৌঁছিলাম ছরাছর ✽ হকিকতের ভেদ মোরা বুঝিলাম ॥ শরিয়তের কাজ তবে ছাড়ি-লাম ✽ আমাদের পন্থ ভাই বড় ছাফ্॥ কষ্টের কাজ যত আছে মাফ্ ✽ মারফতে নমাজ রোজা আছে মাফ্॥ শরিয়তের কোন পন্থ নাহি ছাফ্ ✽ খোদার মহব্বতে যখন পৌঁছিল ॥ শরিয়ত মোরা তখন ছাড়িল ✽ গাঞ্জা শরাব জিনা আদি যত সয় ॥ মানা কিছু নাই মোদের তরিকায় ✽ মুরিদকে বলে তারা শুন ভাই ॥ বেহেস্তে আমি সঙ্গে নিব শোবা নাই ✽ নমাজ রোজা অজু গোছল কর মত ॥ আলিম ফাজিলের বাত শুন মত ✽ কিতাব পড়িয়া তারা বুঝে নাই ॥ ফকির বিনে এই ভেদ জানে নাই ✽ মুরিদ শুনিয়া বিশ্বাস করিল ॥ শরিয়তের কাজ যত ছাড়িল ✽ অধম

শয়তান ※ নবির তরিকা যারা ছাড়িবে ॥ বেশক খোদার দুশ্‌মন হইবে ※

দুছরা গোরোর বয়ান।

ত্রিপদী। শুনহে মোমিন ভাই, এবে আর লেখি যাই, আওলেইয়া তরিকার হাল ॥ তারা বলে আল্লাতালা, দুনিয়াতে যত দিলাম, সব মোদের হইল হালাল ※ যার যেছা দিলে চায়, দেখ শুন খাও তায়, তাতে কিছু নাহি কর ভয় ॥ মুর্শিদের চরণ বিনে, উপায় নাহি কোন দিনে, মুরিদ হও যদি মনে চায় ※ কালা তাগা দেও গলে, তরিকার নিশান বলে, তবে পাবে আখেরে নাজাত ॥ এশ্‌কির যত কাজ, করিতে না কর লাজ, তবে পাবে মঞ্জিল মারফত ※ নারী না হইলে ভাই, এশ্‌কি হাছিল হয় নাই, মিলা জুলা কর তার সাতে ॥ জুয়ান আওরত যত, মুরিদ হয় শত ২, রাত্র দিন রহে তার সাতে ※ পীর বলে শুন ধন, খোদা মুর্শিদ এক জন, সেজদা করহ মোর পায় ॥ পুরুষ নারীর সাত, সেজদা করিল তাত, সবে পীরের ধরিয়া পায় ※ পীরকে বলিল খোদা, খোদা নাহি জানে জুদা, মুর্শিদ আল্লা বলে তারা ভাই ॥ কোরাণ হাদিছের বাত, এন্‌কার করিল

শুন ধন, বসি সবে গাও গান, এক স্থানে মরদ আওরত॥ সবে তারা গান গায়, পীর জি বসিয়া তায়, মাথা কেবল হিলায়ে তাত ✳ এই মত হাল ভাই, আছে জান ঠাঁই ২, এই গোরো ঝুটা জানিবায়॥ অধম ফকির ভাবে, ইছলাম গেল এবে, বিদাতী ফকিরের দায় ✳

রাগ ভাটিয়ান।

—o—

পয়ার। হায় ২ দেখ তায়, নূতন মারফতের দায়॥ মুল্লুক নষ্ট কৈলরে চোরায় ✳ এই চোরকে চিনিবারে ও মুমিন নিশান তার লেখা যায়॥ দরবেশের ছুরত রাখে, কাজে শয়তান বুঝা যায় ✳ মুছল্লির ছুরত রাখে ও মমিন জুব্বা ও পিরহান গায়॥ বিদাতের কাজ করে, পীর মুর্শিদের গান গায় ✳ ফকিরের ছুরত রাখে ও মমিন মারফতের বাত কয়॥ শরিয়তের কাজ ছাড়ে, নমাজ রোজা করে নয় ✳ এই সব ঝুটা জান ও মমিন তারে নাহি মানিবায়॥ রছুলের তরিক ছাড়ি, হাওয়ায় যদি উড়ি যায় ✳ শেরেক বেদাত সব করে ও মমিন গাঞ্জা আর নিশা খায়॥ এ সব শয়তান জান, কামিল নাহি জান তায় ✳ ঝুটা লোকের হাল চাল ও মমিন কিছু নাহি বলা যায়॥

গায় ✳ ঝুটা সৈয়দ কত ও মমিন কাজে তার দেখা যায়॥ টাকার আশায় মুরিদ করে, ফিরে কেবল গাঁয় ২ ✳ হারাম হালাল নাহি জানে ও মমিন ওয়াজ করে টাকায় দায়॥ ঝুট মুট কথা যত গিয়া বলে গাঁয় ২ ✳ পীর কামিল কারে বলে ও মমিন তাহা সবে জানিবায়॥ রছুলের তরিকা মতে, যার আমল দেখিবায় ✳ অধম আছদে বলে ও মমিন সবে ইয়াদ রাখিবায়॥ বিদাতী ফকিরের নিকট কেহ নাহি যাইবায় ✳

তিছরা গোরর বয়ান।

পয়ার। বিছমিল্লা বলিয়া শুরু করিলাম॥ সমোখিয়ার হাল এবে লিখিবাম ✳ আলিমের মত তারে দেখা যায়॥ জুব্বা ও দস্তার থাকে তার গায় ✳ দায়েরা বানায় এক ফকিরের॥ জমাত করে তার জিকিরের ✳ জাহেরাতে কত দোষ আছে তার॥ বাতিনেতে শরার খিলাফ বহুতর ✳ কবরেতে যায় জিয়ারত করিতে॥ সেজদা করে গিয়া তাহাতে ✳ মেলা করে কবরের কিনারে॥ গানা বাজা করে সবে কবরে ✳ তারা বলে জানিবায় বেরাদর॥ শরার হুকুম নাহি জান সবের পর ✳ কবরেতে নিয়াজ দেও হামেশা॥ চেরাগ বাত্তি

তাতে শোবা নাই॥ আমাদের তারিকায় এই আছে ভাই ✳ মৌলবী মৌলানা যত দুনিয়ায়॥ আমাদেয় ভেদ তারা নাহি পায় ✳ বেহুদা জিন্দিগী যায় তাহাদের॥ কিছু নাহি ভেদ বুঝে মারফতের ✳ ত্রিশ হরুফের কোরাণ তারা পড়িল॥ এক হরুফের ভেদ নাহি বুঝিল ✳ আর দশ হরুফ মোরা পাইলাম॥ বাতিনের কথা যত বুঝিলাম ✳ চল্লিশ হরুফ কোরাণেতে আছিল॥ ত্রিশ হরুফ কেবল জাহির হইল ✳ গীত গান জান এক এবাদত॥ তাহা বিনে নাহি হয় মারফাত ✳ নারীগণ ফুল যেছা জানিবায়॥ ফুল হাতে লিতে কিছু নাহি ভয় ✳ অধম ফকির বলে মমিনান॥ এই গোরো ঝুটা জান শয়তান ✳ দাগাবাজ এই গোরো বুঝা যায়॥ আদম রু শয়তান তারে বলা যায় ✳

চৌথা গোরোর বয়ান।

—o—

ত্রিপদী। হালিয়া তরিকার বাত, শুন সবে নেকজাত, হাল তার এবে লেখা যায়॥ জিকিরে জলি করে তারা, জজবা ধরি হয়ে খাড়া, মারে যারে সম্মুখেতে পায় ✳ রাত্র কালে জিকর জলি, তাতে কত হুলাহুলি, অনেকে মিলিয়া তারা করে॥

দেশের লোক শুইতে না পারে ❋ কেহ তাঁতে গীত গায়, কান্দিয়া মুর্শিদের পায়, পরে থাকে বেহুশ হইয়া ॥ মাথা নাচায় যত, গড়াগড়ি করে কত, পাছে পরে বেহুশ হইয়া ❋ এছা তারা জজবা ধরে, কাপড় খসিয়া পড়ে, শরম কিছু নাহি হয় তার ॥ কেহ পানী ছিটায় হাতে, কেহ ফুক দেয় মাথে, এই মত করে কারবার ❋ হাল্‌কার জিকির করি, পীরের যে পায়ে ধরি, বিদায় হয় করিয়া ছালাম ॥ পীর বলে ছুরত মোর, লিয়া যাও বেরাদর, সবে সাধন করিবে মুদাম ❋ রাত্র দিন তাম্রকু খায়, জিকির কেবল মুখে গায়, মনে তার রুজির খিয়াল ॥ এ সব ফকিরের দায়, দিন ইছলাম গেল হায়, এবে বুঝি আসিবে দজ্জাল ❋ সত্য পীর বেশী নাই, ঝুটা পীর ঠাঁই ২, কেবল শুনি পীরের ধুম ॥ পয়সা অনিবার দায়, পীর যায় গাঁয় ২, শরার বাত সব করে গুম ❋ হক কথা যদি কয়, মুরিদ কিংবা নাহি হয়, তবে উপায় কি হবে তাহার ॥ এ কথা বুঝিয়া তারা, শঠামিতে দিল পারা, হক পন্থে না আসিবে আর ❋

রাগ ভাটিয়াল।

পয়ার। হায় হায় কি উপায় বিদাতী ফকিরের দায় ॥ রছুলের তরিক ভাঙ্গি যায় ❋ রছুলের

শরিয়ত এনকার করে যারা তারে কাফির জানি-বায় ✻ বৃক্ষ বিনে ফল যেমন ও মমিন কখন নাহি পাওয়া যায় ॥ মারফতের আমল জান শরিয়ত বিনে নাহি হয় ✻ দুগ্ধ বিনে ঘৃত যেমন ও মমিন পানীতে নাহি হয় ॥ শরিয়ত বিনে মারফত জান, কখন না হাছিল হয় ✻ ঝুট মুট ফকির কত ও মমিন আছে জান দুনিয়ায় ॥ শরার খিলাফ যার, কাজ তার দেখা যায় ✻ বিদাতী ফকির কত ও মমিন ফিরে কেবল গায় ২ ॥ জিকির জলি করে তারা, নাচে আর গান গায় ✻ অধম আছদে বলে ও মমিম সবে ইয়াদ রাখিবায় ॥ বেশরা ফকিরের নিকট কেহ নাহি যাইবায় ✻

পাঁচওয়া গোরোর বয়ান।

পয়ার। এবে শুন আবাজিয়ার হকিকত ॥ লেখা যায় তাহাদের তরিকত ✻ তারা বলে গুণার কোন কাজ নাই ॥ খোদার হুকুমে সব হয় ভাই ✻ আল্লা যদি রাজি নাহি হইত ॥ গুণা করা কেহ নাহি পারিত ✻ মনি জান সবে ভাই আমানত ॥ কভি তাহা নাহি কর খিয়ানত ✻ অজু গোছল নাহি কর দুনিয়াতে ॥ মনি জান পাক এই তরি-কাতে ✻ মনি যদি খায় তবে দোষ নাই ॥ মনি গ্রহণেতে তার পাপ নাই ✻ জিকরপাটী এই

যায় তার ॥ জটা মটা কত আছে মাথায় তার ✳ তাগারিতে গোছল করে বসিয়া ॥ মুরিদগণে দেয় পানী ঢালিয়া ✳ মুরিদ যদি গোছল দিল তাহারে ॥ তাগার হইতে পীর আসে বাহিরে ✳ গোছলের পানী শরবত করিয়া ॥ মুরিদগণে খায় সবে বসিয়া ✳ "শরাবুন তাহুরা" নাম বলে তার ॥ খোশালেতে খায় মতলব পাইবার ✳ পীর ধোয়া পানী যারা খাইল ॥ মারফত পাইল তারা বুঝিল ✳ ঝুটা খবিছ তারে জানিবায় ॥ অধম ফকির এছা বলি যায় ✳ মুসলমান কাজি যদি হইত ॥ ইহার ইনছাফ খুব করিত ✳

রাগ ভাটিয়াল।

পয়ার। সাজ হে মমিন ভাই ॥ সাজি চল দিনের রণে যাই ✳ মোহাম্মদ মস্তফা নবি হবিব আল্লার ॥ তিনির উম্মত মোরা জান ছরাছর ✳ রছুলের দিন সাচ্চা জান বোরাদার ॥ এছা দিন খারাব করে দুষ্ট দুরাচার ✳ লড়িলে তাহার সাতে হইবেন গাজি ॥ মরিলে শহিদ হবেন আল্লা হবে রাজি ✳ তাকওয়ার জেরা ভাই সকলে পিন্দিয়া ॥ ছবুরের ঢাল দিবেন মাথায় ধরিয়া ✳ কোরাণের তলওয়ার ভাই হস্তে লইবায় ॥ শরিয়তের ঘোড়া পরে ছুয়ার হইবায় ✳ তরিকতের রাস্তায় সবে করিয়া গমন ॥ হকিকতের ফাঁক দিয়া সবে সর্ব

জন ☀ মারফতের মুল্লুক ভাই দখল করিবায় ॥ দিনের দুশ্‌মন যারা নাহি ছাড়িবায় ☀ শরিয়তের খিলাফ যারা রছুলের দুশ্‌মন ॥ হাদিছের তীর দিয়া করিবে নিশান ☀ বিদাতি ফকির যত খোদার দুশ্‌মন ॥ কোরাণের তলোয়ার দিয়া কাট তার কাণ ☀ রছুলের তরিকা বিনে পন্থ নাহি আর ॥ বুঝি সুজি চল ভাই যত দিনদার ☀ অধম আহ্মদে বলে মোর গতি নাই ॥ আমারে সঁপেছি আমি মাবুদের ঠাঁই ☀

ছটওয়া তরিকার বয়ান।

ত্রিপদী। এবে লেখি আর বাত, শুন সবে নেক জাত, হলোলিয়া তরিকার হাল ॥ তারা বলে আল্লাতালা, যত কিছু পয়দা কৈল্লা, সবের বিছে করেযে হলোল ☀ সবের মধ্যে আছে খোদা, কেহ হইতে নাহি জুদা, এবে খোদা তালাস কর ভাই ॥ এখন না দেখিলে তারে, কখন না চিনিবে পরে, পীর ধর চিনাইব ভাই ☀ নমাজ যখন পড়, চতুর দিগ ছজিদা কর, সর্ব্ব দিগে খোদা আছে জান ॥ মৌলবী মুন্‌শীর বাতে, এক দিগে ছজিদাতে, নমাজ জান না হয় কথন ☀ গুপনেতে পড় নমাজ, জমাতের নাহি কাজ, না বলিবে আজান

কোন কাজ॥ ঠিক বলি জানিবেন নেহাত ❋ রাত্রে কেবল নমাজ পড়, দিনে তাহা নাহি কর, দিনে নমাজ পড়িলে না হয়॥ নমাজ যখন পড়, আগে তার গুছল কর, গুছল বিনে নমাজ নাহি হয় ❋ এই গুরু ঝুটা জান, তার বাত নাই মান, অধম ফকির বলি যায়॥ শয়তান খবিচ তারে, বিগারিল একেবারে, বে-ইমান হইল হায় ২ ❋

রাগ ভাটিয়াল।

পয়ার। নৌকা বাইয়া যাওরে বাইয়া যাওরে॥ শরিয়তের নৌকা মমিন বাইয়া যাওরে ❋ মার-ফতের হাইল দিয়া ঠিক রাখিবায়॥ তরিকতের নদীর পন্থে সিদা যাইবায় ❋ হকিকতের মাল দিয়া নৌকা দেও ভরা॥ চিনিয়া না লইলে মাল পাছে যাবে মারা ❋ বিদাতের কীটে নৌকা করিল ছুরাখ॥ রাত্র দিনে পানী উঠে করি থাক ২ ❋ ডুবিবে ২ নৌকা ভাবে বুঝা যায়॥ কীট না মারিলে নৌকার বাঁচন হইল দায় ❋ পূরাণ হইল নৌকা মেরামত নাই॥ দুরুস্ত না হবে আর মেস্তুরী দেশে নাই ❋ পূরাণ নৌকা আর বিদা-তের তুফান॥ ছুন্নতের গুণে আর নাহি মানে টান ❋ ঘাটেতে লঙ্গর দিয়া নৌকা রাখ বন॥

যাবে দেশে চিন্তা কর ভাই ॥ খারা মালের বেচা কেনা এ দেশেতে নাই ❋ নাকীচ আছদে বলে খোদার দরগায় ॥ খারা মাল আছে যথা পৌঁছাও আমায় ❋ নৌকা বিনে উপায় নাই ভবের সমুদ্রে ॥ নৌকায় না চড়িলে খাবে শয়তান কুম্ভীরে ❋ কুম্ভীরে ধরিবে যারে বাঁচিবার নাই আশ ॥ নৌকায় না চড়িলে জান হবে সর্ব্বনাশ ❋

সাতওয়াঁ গোরোর বয়ান ।

পয়ার । এবে লিখি ছুরিয়ার সমাচার ॥ চিনিবার নিশান যত আছে তার ❋ নমাজ রোজা অজু গুছল করে না ॥ কেহর সঙ্গে বাত কিছু বলে না ❋ হুরের সঙ্গে বলে তার দেখা হয় ॥ রাত দিন থাকে বসি জঙ্গলায় ❋ অগ্নিকুণ্ড রাখে তার ছামনে ॥ গাঞ্জা কেবল খায় তারা সেখানে ❋ কাপড় নাহি দেয় দিনে তারা গায় ॥ লেঙ্গুটি পিন্দিয়া রাখে বে-শরায় ❋ পাক ছাফ হাজামত নাহি তার ॥ ছুরি চাকু হাতে রাখে বরাবর ❋ টাকা পয়সা দিলে হাতে লয় না ॥ খানা পিনা কেহর হাতে খায় না ❋ ধিয়ানে বসিয়া থাকে রাত্র দিন ॥ হাসি খুশির কিছু তার নাহি চিন ❋ মন্ত্র পড়ি দেখায় কত কেরামত ॥ আগামী বাত বলে কত

তাহার ফকিরি এছা জানিবায় ✳ অধম গরীবে বলে মমিনান॥ হুশিয়ার হবে আর সাবধান ✳ এই গোরো ঝুটা ভাই জানিবায়॥ শয়তানের উজির তারে বুজি কয় ✳

রাগ ভাটিয়াল।

—০—

পয়ার। হায়রে হায় কি উপায় জ্বলি উঠে কলিজায়॥ রছুলের দিন ভাঙ্গিয়া যায় ✳ আল্লার দুস্ত মোহাম্মদ ও মমিন সবে দুরুদ ভেজ তাঁয়॥ রছুলের খিলাফ যারা তারে কাফের জানিবায় ✳ কোরাণ নাজিল হ'ল ও মমিন দিন ইছলামের দায়॥ কোরাণ নাহি মানে যারা তারে কাফের বলা যায় ✳ বিদাতী ফকির হল ও মমিন জান এই জমানায়॥ হাদিছ কোরাণ নাহি মানে শরা মতে চলে নয় ✳ বে-শরা ফকিরের নিকট ও মমিন কেহ নাহি যাই-বায়॥ গানা বাজা করে যেই তারে ঝুটা জানি-বায় ✳ বিদাতী দরবেশ কত ও মমিন দেশেতে দেখা যায়॥ রোজা রাখি তামুক খায় বলে রোজা নাহি যায় ✳ নিম মুল্লা কত আছে ও মমিন কাঠ মুল্লা বলা যায়॥ বে-শরা ফকিরের নিকট মুরিদ গিয়া হয়ে তায় ✳ নাকিচ আছদে বলে ও মমিন আছ যত দুনিয়ায়॥ বিদাতীর সঙ্গে লড় নাজাত

তারে শয়তান জানিবায়॥ অগ্নি যদি নাহি পুড়ে হাওয়ায় যদি উড়ি যায় ॐ

আটওয়াঁ গোরোর বয়ান।

পয়ার। এবে আর লেখি শুন এক বাত॥ অয়াকিপিয়া তরিকার হকিকত ॐ এলিম হেলিমে তারা গুণমান॥ চলা ফিরায় দেখা যায় অতি শান ॐ কিন্তু দাঁড়ী নাহি রাখে মুখেতে॥ মুছ কেবল তাও দেয় মুখেতে ॐ তারা বলে মারফত মোরা পাইলাম॥ শরার খিলাফ মারফত বুঝিলাম ॐ শরিয়তের কাজে নাহি কিছু লাভ॥ মারফত না জানিলে পাইবে আজাব ॐ গুপনেতে এক ভেদ আছে ভাই॥ কোরাণ কিতাবে তাহা কিছু নাই ॐ ছিনায় ২ সেই ভেদ আছে ভাই॥ ফকির বিনে তাহা কেহ জানে নাই ॐ ফকির বিনে যদি কেহ জানিত॥ আলিমগণ সব দরবেশ বনিত ॐ আলিম সবে যদি কিতাব বুঝিত॥ নিশ্চয় তারা আমাদেকে মানিত ॐ কোলুর বলদে যেছা দেখে না॥ সেই মত পড়ে তারা বুঝে না ॐ কদুর বীজে যদি তৈল হইত॥ শস্যের কদর তবে নাহি রহিত ॐ জাহিল লোকে তাহা সত্য বুঝিল॥ তাহার নিকট সব মুরিদ হইল ॐ মুরিদকে বলে

চাই ※ কিন্তু রাত্রে রোজা সবে রাখিবায় ॥ জন্ম-নার কাছে নাহি রহিবায় ※ সব মুরিদ জমাত করিয়া ॥ রাত্রে কেবল গীত গাও বসিয়া ※ এই গোরো ঝুটা সবে জানিবায় ॥ অধম ফকিরে এছা বলি যায় ※

নয়ই গোরোর বয়ান।

—০—

পয়ার। মুতা জাহিলিয়ার বাত লেখা যায় ॥ সকল মমিনে স্মরণ রাখিবায় ※ কলেমা কালাম কিছু জানে না ॥ মুসলমানের মত তারা চলে না ※ পাগলের মত তারা চলে ভাই ॥ খাওনের কোন চিজ বাছে নাই ※ মাথায় বাল রাখে আও-রতের মত ॥ খাবো হাতে দেয় আওরতের মত ※ গলায় মালা দেয় কত গাথিয়া ॥ ফোগ কথা কেবল বলে বসিয়া ※ খনে হাসে খনে কান্দে ঠিক নাই ॥ দিন রাত্রে নিদ্রা তার হয় নাই ※ গুছল করি খাড়া থাকে পানীর ধার ॥ দোয়া-দরুদ পড়ে আছে যত তার ※ কেহর নিকটে সেও নাহি যায় ॥ খাইবার কিছু আর নাহি চায় ※ জাহিল লোকে কিছু নাহি বোধ পায় ॥ তার পিছে যায় মারফতের দায় ※ এই গোরো

যায় ❊ তাহার পিছে যদি কেহ যাও ভাই ॥ আখেরেতে মারা যাবে শোভা নাই ❊

রাগ ভাটিয়াল।

পয়ার। যাইব কোথায়রে ভাই যাইব কোথায় ॥ বে-নমাজির দায় ❊ বে-নমাজি খবিছ জান কিতাবেতে কয় ॥ রে ভাই যাইব কোথায় ❊ বে-নমাজি চলিতে জান জমিনে করে শোর ॥ আছমানে বলে খবিচ যাও দূর ২ ❊ বে-নমাজির মত পাপী দুনিয়াতে নয় ॥ কুত্তায় দেখিলে ছুবে মুখ সে লুকায় ❊ বে-নমাজির উপরে হয় লান্নত খোদ্দার ॥ মউতের কালে হবে গজব আল্লার ❊ বে-নমাজি ঘরে ২ আছে বহুতর ॥ অতএব কেহ তার না করে বিচার ❊ বাপ ও বেটা বে-নমাজি যদি ভাই হয় ॥ হাওয়ানের মত চলে জানিবে নিশ্চয় ❊ কিয়ামতে যখন হবে নমাজের বিচার ॥ বে-নমাজির নাম ধরি হইবে ফুকার ❊ রোজা আর নাহি রাখে যারা দুনিয়ায় ॥ ফুকার হইবে আর তাহাদের দায় ❊ এই সব এক সঙ্গে যাবে দোজখেতে ॥ নমাজ রোজা কেমন ধন বুঝা যাবে তাতে ❊ বে-নমাজি লোক বহুত হইল ফকির ॥ খবিছ হইয়া পড়ে মারফতের জিকির ❊ শয়তানের দুস্তদার

নাহি করে ✳ শরিয়ত ছাড়িয়া যদি হাওয়ায় উড়ি যায়॥ পানীর উপরে চলে খড়ম দিয়া পায় ✳ অগ্নিতে নাহি জ্বলে মারিলে না মরে॥ তবেও জানিও ভাই শয়তান তাহারে ✳ নাকিচ আছদে ভাবে কি হবে উপায়॥ জানে নাহি সহে দুঃখ বেনমাজির দায় ✳

দশই গোরোর বয়ান।

—o—

ত্রিপদী। শুন হে মমিন ভাই, আর কিছু লিখি যাই, মুতা কাছিলিয়ার হকিকত॥ দুনিয়াতে আছে তারা, কত রঙ্গে চলে তারা, বলি তবে জানিবে নেহাত ✳ পীরের খান্দান তার, নামে সৈয়দ আর, মূর্খ জাহিল দেখা যায়॥ বলে আমি পীর জাদা, দরবেশ ছিল মোর দাদা, কামিল জান বাপ মোর হয় ✳ কেহ বলে বাপ পীর, জাতে ছিলেন মীর, মুরিদ তার তামাম জাহান॥ কেহ বলে মোর বাপ, মনে উঠে বড় তাপ, দুনিয়াতের হাজি আছিলেন ✳ কেহ বলে শুন ভাই, তোমাদেকে বলি যাই, বাপ ছিল মারফতে কামিল॥ কেহ বলে এর পর, বাপ যে মৌলানা মোর, চৌদ্দ এলিম আছিল হাছিল ✳ এই বলি ঘরে ২, টাকা পয়সা রুজি করে, জারি করে কাজ বিদাতের॥. এলিমের

মুরিদ করিবার ❋ কোন পেশা নাহি করে, জাতের লাগি বড় ডরে, জাত তার হবে সর্ব্বনাশ ॥ এন্কার করে সব কাজ, মাগিতে না করে লাজ, দিনদারী করিল বিনাশ ❋ বলে আমি পীরের বেটা, করিব মাদারের পিঠা, মারি ভয় করি দিব দূর ॥ কত লোক শুনিয়া তায়, টাকা পয়সা দিয়া দেয়, বলে মোরে বাঁচাও হুজুর ❋ এই মত বাত শুনি, তাহাতে ইমান আনি, অনেক লোক বিদাতী বনিল ॥ নুহ নবীর বেটা এক, কাফের হইল ঠিক, বাপের নাম কাজে না আসিল ❋ শরা মতে কর কাম, আখেরেতে হবে নাম, খালাছ পাবে কিয়ামতের দিন ॥ শরা নাহি মানে যেই, বেশক খবিছ সেই, সবে তারে জান মালাউন ❋ বাপ দাদার নাম ধরি, বিদাত করিলে জারি, সাজা পাবে রোজ কিয়ামত ॥ ফেরেব করিলে ভাই, পরকালের উপায় নাই, সত্যই জানিবে নেহাত ❋ নাম সৈয়দ বলে যেহ, শরা মতে চলে নাই, জান তারে দুশ্মন নবীর ॥ শরিয়ত মতে চলে যারা, রছুলের আল তারা, হাদিছেতে আসিছে জাহির ❋ এই সব দুনিয়াদার, তরিক না বুঝে তার, মারফতের কিছু নাহি জানে ॥ ঝুটা পীর জান তারে, অধীনে আরজ করে, তবে ভাই রহিবে ইমানে ❋

গিয়ারই এলামিয়া তরিকার বয়ান।

এলামিয়া গোরোর বাত লেখা যায়॥ কি রূপেতে আছে তারা দুনিয়ায় ✻ তারা বলে এলহাম জান হয় মোর॥ গায়েবের বাত যত ছরাছর ✻ কেহ যদি যায় তাহার নিকটে॥ মনের কথা বলি দেয় হঠাতে ✻ কেহর যদি কোন চিজ হারি যায়॥ আরজ করিলে তাহা বলি দেয় ✻ বিমারের বিষয় জিজ্ঞাস করিলে॥ বাঁচিব কিনা তাহা সে বলে ✻ কেহর মতলব হয় যদি জানি-বার॥ হাছিল হবে কিনা তাহা বুঝিবার ✻ জিজ্ঞাস করিলে সব বলি দেয়॥ যাহা বলে তাহা ঠিক পাওয়া যায় ✻ জাহিল লোকে তারে পীর জানিয়া॥ মুরিদ হয় বড় আশা করিয়া ✻ মুরিদকে বলে তুমি শুন ভাই॥ গুণার জন্যে আর কিছু ভয় নাই ✻ এক নামে যত গুণা সারিবে॥ এত গুণা করিতে না পারিবে ✻ জমিনেতে নমাজ নাহি পড়িবায়॥ ছজিদার জাগা নাহি দুনিয়ায় ✻ কিন্তু আছে এক জাগা জানিবে॥ মুর্শিদের চরণে তাহা করিবে ✻ এই গুরু ঝুটা শয়তান জানি-বায়॥ অধম ফকিরে আরজ করি যায় ✻

রাগ ভাটিয়াল।

—o—

পয়ার। দেশে কি হইলরে ভাই বুঝিতে না পারি॥ পীরে করিল ঘর মুরিদের চুরি ✳ পীর আসিল জান মুরিদের ঘরে॥ মারফত শিখাবে বলি আশা দিল তারে ✳ ইছলামের মাল যত ঘরে ছিল তার॥ পীরে লুঠিল সব করিয়া মক্কার ✳ দিলের সিন্ধুকে ছিল ইমানের নোট॥ তালা ভাঙ্গিয়া তাহার করি নিল লুঠ ✳ আমলের হস্ত পদ ভাঙ্গিয়া তাহার॥ গুমরাইর কূয়া বিছে ফেলি গেল আর ✳ অন্ধকার কূয়া বিছে যখন পড়িল॥ বে-ইমান হইয়া পাছে মরিয়া গেল ✳ ঝুটা পীর যে ধরে তার এই হাল॥ শরিয়তের ধন তাহার না রহে বাহাল ✳ পীর আর চোর ভাই যারা চিনে নয়॥ ইমানের মাল তার যাইবে নিশ্চয় ✳ অতএব সাবধান্ করিতেছি ভাই॥ ঝুটা পীরের হাল লেখিয়া জানাই ✳ সব চোরে করে চুরি রাত্রি অন্ধকারে॥ দিনে পীরে করে চুরি মুরিদের ঘরে ✳ নাকিচ আছদে বলে আমি চিনি তারে॥ লেখিল চোরের হাল সবে জানিবারে ✳ তবে যদি নাহি চিনে চোর বলে কারে॥ চক্ষে চশমা দিয়া নাকি দেখাইব তারে ✳

বারইতে ছুফি গোরোর বয়ান।

পয়ার। বিছমিল্লা বলিয়া কলম লইয়া॥ রছু-লের উপরে দরুদ ভেজিয়া * খোদার ফজলে এবে লেখি যাই॥ বারইতে ছুফি গোরোর হাল ভাই * ছুফি লোক কারে বলে জানিবে॥ তার হাল এবে স্মরণ রাখিবে * ছুফি বলে যার দিল ছাফ হয়॥ হিরিছ তামা দুনিয়ার নাহি হয় * আখেরেতের দিগে চিন্তা হয় তার॥ আরাম নাহি চায় তারা দুনিয়ার * হারাম আর শোভার চিজ খায় না॥ ঝুট ও গিবত কখন বলে না * বদ খাছলত তার কিছু নাই॥ শরার খিলাফ নাহি চলে ভাই * শেরেক ও বিদাতের কাজ নাহি তার॥ হারাম ও মুক্রু নাহি করে আর * গুণার কাজের দিগে কভি যায় না॥ গানা বাজার কাছে তারা বসে না * ফরজ ও ওয়াজেব যত শরাতে॥ ছুন্নত ও মছতাহাব যত তাহাতে * এই সব কাজ তারা ছাড়ে না॥ শরিয়তের খিলাফ কখন করে না * এলিম ও হেলিম জান আছে তার॥ কোরাণ ও হাদিছ জানে বহুত আর * মারফত ও শরিয়তে হয় বরাবর॥ জেকের ও ফেকের করে বরাবর * পাক ছাফ রহে তারা হামেশা॥ নমাজ রোজা করে তারা হামেশা * ওয়াজ নছিহত বিনে

ও চুরট তারা পিয়ে না॥ জেকের বিনে কোন সময় রহে না ✳ এই গোরো সত্য ভাই জানিবায়॥ দরবেশ কামিলের এই পরিচয় ✳

ত্রিপদী। শুন শুন মমিনান, মুর্শিদ প্রাণের ধন, তারে সবে চিনিয়া লইবায়॥ মুর্শিদ চিনি লয় যারা, কামিল জান হয় তারা, আমল যত ঠিক তার হয় ✳ অজুদেতে আছে ভাই, ছয় লতিফা বলি যাই, তার খেয়াল সবে করিবেন॥ লতিফা হইলে স্থিত, দেখিবেন কত রীত, হাল তার সবে বুঝিবেন ✳ শুরু কেবল এই বাত, আর কত পাবে তাত; বলিতেছি তাহা জানিবেন॥ পাচান পাচের ভেদ তার, সুলতান জেকের আর, মরাকেবার খেয়ান করিবেন ✳ মরাকেবা মশাহেদা, পাবে আর জুদা ২, যে মনজিলে আছে যেই মত॥ দায়েরা ইম্‌কান যবে, তামাম হইয়া যাবে, বুঝিবেন মারফতের বাত ✳ পীরের কাছে গেলে ভাই, বুঝিতে পারিবেন তাই, যে তরিকায় আছে যেই কাম॥ নাকিচ আছদে বলে, কি লিখিব এই ভাবে, ক্ষান্ত দিলে করিয়া ছালাম ✳

রাগ ভাটিয়াল।

পয়ার। মুখে আল্লার নাম, জপ ভাই খাছ

যেই আল্লার নাম লয়, আল্লার মহব্বত হয়॥ জেকে-
রের নূরে জান দিল তার রুশন হয় ॐ শরিয়ত
আগে ঠিক কারি, তরিকতের পীর ধরি॥ মার-
ফতের জেকেরে ভাই, দিলেতে কর জারি ॐ
হাতে কর হাতের কাম, রাস্তায় চলা পায়ের কাম॥
দিলেতে রাখিবে মুদাম, আল্লাতালার জাত নাম ॐ
জেকের কলভি সবে পড়, তরিক মতে পীর ধর॥
শরিয়ত মতে সবে ভাই, মারফতের আমল কর ॐ
দশ লতিফা আছে জান, পাঁচ তাতে খাছ মান॥
আলমে আমর আর, আলমে খলক জান ॐ ছয়
লতিফার ছয় ফুল, সবের বিছে আছে মূল॥
কেহর ফুল ফুটে ভাই, কেহর কল্লি থাকে ফুল ॐ
শরিয়তের সঙ্গে ভাই, আমল নাহি করে যেই॥
মারফতের হকিকত, কিছু নাহি বুঝে সেই ॐ
মারফত বুঝে যারা, শরিয়ত মতে চলে তারা॥
শরিয়ত যে এনকার করে, কাফের জান হয় তারা ॐ
নাকিচ আছদে বলে, আশা রাখি পরকালে॥
খালাছ যদি পাই আমি, কেবল খোদার ফজলে ॐ

রাগ ভাটিয়াল।

—০—

পয়ার। নমাজ আজব ধনরে নমাজ আজব
ধন॥ পড় দিল ও জান॥ হাশরে হবে ভাই

পড়িবে নমাজ খোদাকে ডরিয়া॥ দুনিয়াতে গুণা তার যাইবে ঝরিয়া ✽ রিজিকে বরকত তার হবে দুনিয়াত॥ কিয়ামতের দিনে তার হইবে না-জাত ✽ মউতের কালে নমাজ হাজির হইব॥ ছকরাতের আজাবে আসি এছান করিব ✽ কবরে হইব জান অতি অন্ধকার॥ নমাজ করিব তথায় বেহেশ্‌ত গোলজার ✽ হাশরের ময়দানে ভাই যখন উঠিবায়॥ কত হাজার সাল তাতে খাড়া থাকিবায় ✽ মাথার কাছে সূর্য্য আসিব তখন॥ তাহার তাপিস হবে অগণির মতন ✽ নামাজ হইব ছায়া মছল্লির উপর॥ রুজায় পিলাব পানী আবে কৌছরের ✽ আল্লাতালায় যখন সবের হিসাব লইব॥ নমাজ রোজা তাতে গিয়া শাফাত করিব ✽ নামাজ রোজা বিনে কেহর খালাছ হবে নাই॥ অধম ফকিরে জান বলিল এয়ছাই ✽

রাগ ভাটিয়াল॥

পয়ার। কি হবে উপায়রে ভাই, কি হবে উপায়॥ দারুণ তামুকের দায় ✽ মমিনের আমল বিনাশ করিল হুক্কায়॥ রে ভাই কি হবে উপায় ✽ হুক্কাতে যখন ভাই করে ঘুর ২॥ ফেরেশ্‌তা চলিয়া যায় করি দূর ২ ✽ হুক্কা পিয়ে যেই লোক

চালিল ✳ অতএব ছুফি লোক তামুক নাহি খায়॥ হুক্কার মজলিছে তারা বসিতে না চায় ✳ আলিম হইয়া যারা আমল নাহি করে॥ রাত্রে দিনে কেবল তারা হুক্কা বাজি করে ✳ নিম মুল্লা কত জান আছে ঠাঁই ২॥ তামুক মানা শুনিলে চায় করিতে লড়াই ✳ মকরু তাহারিম হুক্কা পিনা বলে কিতাবেতে॥ চুরট পিনা মকরু তাহারিম লেখে সেই মতে ✳ ফতুয়ায় আজিজি এক কিতাবের নাম॥ দুরুল মুক্তার কিতাব জান আর বলিলাম ✳ মজালিছুল আবরার এক নাম কিতাবের॥ মজাহির হক জান শরা মিশ্‌কাতের ✳ তিবিয়ান জান এক কিতাবের নাম॥ ফতুয়ায় হক্কা জান আর বলিলাম ✳ মুজমা ফতুয়ায় আছে দলিল তাহার॥ ফতুয়ায় আব্বাছিতে আছে বয়ান হুক্কার ✳ কেহ মুকরু কেহ হারাম লেখে কিতাবেতে॥ তালাস করিলে তাই পাবে এই মতে ✳ বুরা কাজে সবের জান খাহেশ হয় বেশ॥ ছোট বড় সবের আমল হুক্কায় কৈল শেষ ✳ হুক্কার গন্ধ জান যার মুখে থাকে॥ কোরাণ দুরস্ত নাই পড়িতে তাহাকে ✳ হুক্কার গন্ধ ভাই মুখে আছে যার॥ মস্‌জিদে যাইতে নাই দুরস্ত তাহার ✳ হুক্কা পিনা গুণা আর জানিবে খারাব॥ বিছমিল্লা পড়িলে তাতে হইব আজাব ✳ মউতের কাল ভাই

হুক্কার গন্ধ যাবে কবর মাঝার ॥ কবর হইবে তার অতি অন্ধকার ✳ তর্জ্জন গর্জ্জন হবে তাতে ফেরেশ্‌তার ॥ সে বলিবে হুক্কা মোরে দেও একবার ✳ ফেরেশ্‌তায় তখন তার জিহ্বায় ধরিয়া ॥ আতশের কুড়া মুখে মারিবে খেছিয়া ✳ হাশরের ময়দানে তার মুখ ছিয়া হবে ॥ দোজখের অগ্নি তারে ঘিরিয়া লবে ✳ ফেরেশ্‌তা বলিবে খবিছ তামুক এবে খাও ॥ আতশের হুক্কায় এবে ঘুর ঘোরি বাজাও ✳ খোদার ওয়াস্তে হুক্কা সবে ছাড়ি দেও ভাই ॥ বহছ ও তকরার করা তাতে নাহি চাই ✳ নাকিচ আছদে বলে আরজ আমার ॥ উল্লিখিত কিতাব দেখ মনে লয় যার ✳ হক বাত যদি হয় মানি লেও ভাই ॥ নতুবা খোদার ওয়াস্তে মাফ দেওয়া চাই ✳

রাগ বিলাপ ।

—o—

পয়ার । পানা দেও আল্লাতালা পানা দেও মোরে ॥ তোমার নাম আছে আল্লা রহমান ও রহিম রে ✳ আল্লা পানা দেও মোরে ✳ আর নাম আছে তোমার রাউফুর রাহিম ॥ বারে ২ ডাকি আমি গুণাগার আজিম ✳ করিম, গফ্‌ফার নাম আর যে গফুর ॥ তোমার করম হইতে নাহি কর ডর ✳

কেয়ামতে গোণা মোর না কর জাহির ✳ আহাদ, ছমদ আল্লা আর যে খালিক ॥ দিন দুনিয়ার তুমি সবের মালিক ✳ কাদির ছুবহান আল্লা আর যে মান্নান ॥ মাফ কর গুণা মোর আছি পেরেশান ✳ ওহাব রজ্জাক আল্লা আর যে বাছিত ॥ রিজিকে বরকত মোরে দেও দুনিয়াত ✳ আদিল অকিল আল্লা নাম যে গফ্‌ফার ॥ গুণার সমুদ্র হইতে কর মোরে পার ✳ হবিব তোমার আল্লা মোহাম্মদ রছুল ॥ তিনির তফিলে আরজ কর মোর কবুল ✳ রছুল তোমার আল্লা শাফিউল উম্মতি ॥ তাঁহার শাফাত বিনে নাই মোর গতি ✳ আল আছাব যত ছিলেন নবী মস্তফার ॥ তাঁহাদের উছিলাতে রহম কর পরওয়ার ✳ নবী অলি যত আল্লা করিলে জাহির ॥ ইমান বাঁচাও মোর সবের খাতির ✳ হাজার মিনতি আল্লা করি বারে বার ॥ মউতের সঙ্কট হইতে কর মোরে পার ✳ হাজি আর গাজি যত আর শহিদান ॥ সবের তফিলে মোরে করিও আছান ✳ মজিবুদ্দাওয়াত আল্লা কাজেউল হাজাত ॥ কবরের আজাব হইতে করিও নাজাত ✳ জুল জালাল নাম আল্লা আর যে ইক্রাম ॥ তোমার রহমতে আমি আশা রাখিলাম ✳

সমাপ্ত ।

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জানান যাইতেছে যে, সাং রায়ধর, পং তরফ নিবাসী জুনাব উস্তাদ মৌলবী মোহাম্মদ ছায়াদ ওরফে আছাদ উল্লা সাহেব এই পুথি মুসলমানের উপকারের জন্য দ্বিতীয়বার মুদ্রিত করিলেন। অতএব যদি কোন সাহেবের উক্ত পুথির আবশ্যক হয়, তবে নিম্নের ঠিকানায় চিঠি লিখিলে পাইবেন। পোঃ আঃ গুপায়া, সাং রায়ধর, জিঃ শ্রীহট্ট। ইস্তাহারকগণ শ্রীনজাবত উল্লা, শ্রীরহিম বখ্‌শ, শ্রীআবদুল লতিফ।